

ইডেন কলেজে ছাত্রদল ও ফ্রন্ট নেত্রীদের সংঘর্ষে আহত ১২

● অধ্যক্ষ ঘেরাও : ক্যাম্পাসে পুলিশ মোতায়েন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

রাজধানীর ইডেন কলেজে ছাত্রদল ও ছাত্রফ্রন্টের নেত্রীদের মধ্যকার সংঘর্ষে অসুস্থ ১২ জন আহত হয়েছে। গতকাল কলেজ ক্যান্টিনে দুই ঘটনাকে কেন্দ্র করে

সংঘর্ষ বাধে। ঘটনার পর ছাত্রদল কলেজ অধ্যক্ষকে তার অফিসে প্রায় দু'ঘণ্টা অবরুদ্ধ করে রাখে। পরে শিক্ষা উপমন্ত্রী অ্যাডভোকেট আবদুস সালাম পিটু সংঘর্ষ : পৃষ্ঠা : ৭ কলাম : ৮

সংঘর্ষ : ইডেন কলেজ

(শেষ পৃষ্ঠার পর)

ক্যাম্পাসে উপস্থিত হয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। ক্যাম্পাসে বর্তমানে টান টান উত্তেজনা বিরাজ করছে। পরবর্তী ঘটনা এড়াতে ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করা হয়েছে।

জানা গেছে, পল্টন ময়দানে ছাত্রফ্রন্টের আয়োজিত জাতীয় কনভেনশনকে সামনে রেখে ছাত্রফ্রন্ট নেত্রীরা ক্যাম্পাসে প্রচারণা চালায় গত সোমবার রাতে। এদের মধ্যে ১৬ জন ছিল বহিরাগত। বরষ পেয়ে ছাত্রদল নেত্রীরা কলেজের পুরাতন হোস্টেলে গিয়ে বহিরাগতদের আটক করে এবং হল প্রশাসনকে তাদের বের করে দেয়ার জন্য চাপ দেয়। শেষে রাত আড়াইটার দিকে ছাত্রফ্রন্টের সাবেক নেত্রী অ্যাডভোকেট সুলতানা আক্তারের কাছে বহিরাগত নেত্রীদের হল প্রশাসন হস্তান্তর করে।

গতকাল দুপুরে ছাত্রফ্রন্ট নেত্রীরা আবারও ওই ১৬ বহিরাগতকে সঙ্গে নিয়ে কলেজে গেলে ক্যাম্পাসে উত্তেজনা দেখা দেয়। ছাত্রফ্রন্ট নেত্রীরা ক্যাম্পাসে প্রচারণা শেষে ক্যান্টিনে বেতে গেলে ছাত্রদল নেত্রীদের সঙ্গে কথা কাটাকাটির এক পর্যায়ে উভয় দলের মধ্যে তরু হয় সংঘর্ষ। এ সময় তারা পরস্পরকে লাঠি সোটা নিয়ে হামলা চালায়। এতে ছাত্রদলের ৭ নেত্রী নিশীতা, সীমা, কেয়া, রুহিনা, জেনি, পাণিমা, ছাত্রফ্রন্টের শিউলি, শিলা, এয়ানি এবং সাবিনা আহত হন। আহতদের ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

ঘটনার পরপরই জাতীয় সাধারণ সম্পাদক চন্দ্রা ক্যাম্পাসে গেলে তাকেও ছাত্রদল নেত্রীরা বেধড়ক মারধর করে।

এ ঘটনার প্রতিবাদে ছাত্রদল নেত্রীরা কলেজ অধ্যক্ষকে তার অফিসে প্রায় দু'ঘণ্টা অবরুদ্ধ করে রাখে। বরষ পেয়ে শিক্ষা উপমন্ত্রী অ্যাডভোকেট আবদুস সালাম পিটু ক্যাম্পাসে যান এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। ছাত্রদল নেত্রীরা বর্তমানে ক্যাম্পাসে অবস্থান করছে। সাধারণ ছাত্রীদের মাঝে বিরাজ করছে গভীর আতঙ্ক।